

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কোরবানির পশুর হাটের জন্য অনুসরণীয় স্বাস্থ্যবিধি

গত ৪ মে ২০২৩ তারিখে আইএইচআর ইমার্জেন্সি কমিটির ১৫তম সভার পরামর্শের সাথে সম্মতি প্রকাশ করে বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক, চলমান কোভিড-১৯ কে অন্যান্য শ্বাসতন্ত্রের রোগের সাথে তুলনা করেন এবং বলেন এখন হতে কোভিড-১৯ আর কোন জরুরী আন্তর্জাতিক এবং অভ্যন্তরীণ জনস্বাস্থ্য সমস্যা নয়। তবে ২০১৯ হতে শুরু হওয়া এই মহামারীর ক্রান্তিকালে সকল দেশকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০২০-২০২৫ কোভিড ১৯, স্ট্র্যাটেজিক প্রিপেয়ার্ডনেস এন্ড রেসপন্স প্লান অনুসরণ করে কোভিড-১৯ এর দীর্ঘ মেয়াদি চিকিৎসা এবং সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাংলাদেশে এ পর্যন্ত ২০,৪১,২৪০ (১৮ জুন ২০২৩) জন কোভিড রোগী শনাক্ত হয়েছে এবং এই সংক্রমণ অব্যাহত আছে। এই পরিপ্রেক্ষিতে আসন্ন ঈদুল আযহা উপলক্ষে কোরবানির পশুর হাটে অনুসরণের জন্য নিম্নলিখিত স্বাস্থ্যবিধি জারী করা হলঃ

হাট কমিটির জন্যঃ

১. হাট বসানোর জন্য পর্যাপ্ত খোলা জায়গা নির্বাচন করতে হবে। কোন অবস্থায় বন্ধ জায়গায় হাট বসানো যাবে না।
২. হাট ইজারাদার কর্তৃক হাট বসানোর আগে মহামারি প্রতিরোধী সামগ্রী যেমন- মাস্ক, সাবান, জীবাণুমুক্তকরণ সামগ্রী ইত্যাদি সংগ্রহ করতে হবে। নিরাপদ বর্জ্য নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৩. পশুর হাটের সাথে জড়িত সকল কর্মকর্তা, কর্মচারি ও হাট কমিটির সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। হাট কমিটির সকলের ব্যক্তিগত সুরক্ষা জোরদার করা এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
৪. হাটের সাথে জড়িত সকল কর্মীদের স্বাস্থ্যবিধি প্রতিপালনের নির্দেশনা দিতে হবে। জনস্বাস্থ্যের বিষয়গুলি যেমন মাস্ক এর সঠিক ব্যবহার, হাঁটি-কাশির শিষ্টাচার, শারীরিক দূরত্ব, হাত ধোয়া, জীবাণুমুক্তকরণ বিষয়গুলোকে গুরুত্ব দিতে হবে। স্বাস্থ্যবিধি সমূহ সার্বক্ষণিক মাইকে প্রচার করতে হবে।
৫. মাস্ক ছাড়া কোন ক্রেতা-বিক্রেতা হাটের ভিতরে প্রবেশ করতে পারবেন না। হাট কর্তৃপক্ষ চাইলে বিনামূল্যে মাস্ক সরবরাহ করতে পারেন বা এর মূল্য নির্ধারণ করে দিতে পারেন।
৬. প্রতিটি হাটে সিটি কর্পোরেশন কর্তৃক ডিজিটাল পণ্য স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রচার করতে হবে।
৭. পশুর হাটে প্রবেশের জন্য গেট (প্রবেশ ও বাহিরপথ) নির্দিষ্ট করতে হবে।
৮. পর্যাপ্ত পানি ও ব্রিডিং পাউডার দিয়ে পশুর বর্জ্য দ্রুত পরিষ্কার করতে হবে। কোথাও জলাবদ্ধতা তৈরি করা যাবে না।
৯. পশুর হাটে প্রবেশের সময় হ্যান্ড থার্মোমিটার দিয়ে সকলের তাপমাত্রা নিরূপণ করতে হবে। তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি পাওয়া গেলে বা কোভিড-১৯ এর অন্যান্য উপসর্গ থাকলে তাকে হাটে প্রবেশ করা থেকে বিরত রাখতে হবে।

dv


১০. একটি পশু থেকে আরেকটা পথ এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩ (তিন) ফুট বা ২ (দুই) হাত দূরত্ব বজায় রেখে পশু ক্রয় করতে পারেন।
১১. ভিড় এড়াতে মূল্য পরিশোধ ও হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে।
১২. মূল্য পরিশোধের সময় সারিবদ্ধভাবে লাইনে দাঁড়ানোর সময়কাল যেন কম হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। লাইনে ৩ (তিন) ফুট বা কমপক্ষে ২ (দুই) হাত দূরত্ব বজায় রেখে দাঁড়াতে হবে। প্রয়োজনে রেখা টেনে বা গোল চিহ্ন দিয়ে দিতে হবে।
১৩. সকল পশু একত্রে হাটে প্রবেশ না করিয়ে, হাটের ধারণ ক্ষমতা অনুযায়ী পশু প্রবেশ করাতে হবে।
১৪. হাটের ধারণ ক্ষমতা অনুযায়ী, নিরাপদ দূরত্ব বজায় রেখে কেনাকাটা করা সম্ভব, এমন সংখ্যক ক্রেতাকে হাটে প্রবেশের সুযোগ দিতে হবে। অবশিষ্ট ক্রেতাগণ হাটের বাহিরে নিরাপদ দূরত্ব বজায় রেখে অপেক্ষা করবেন। ১টি পশু ক্রয়ের জন্য ১ বা ২ জনের বেশি ক্রেতা হাটে প্রবেশ করবেন না।
১৫. অনলাইনে পশু কেনা-বেচার জন্য জনগণকে উৎসাহিত করা যেতে পারে।
১৬. স্থানীয় প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকরী বাহিনী এবং স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে সকল কাজ নিশ্চিত করতে হবে।

ক্রেতা-বিক্রেতাদের জন্যঃ

১. ক্রেতা-বিক্রেতা সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।
২. সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ হাটে প্রবেশ করবেন না।
৩. শিশু, বৃদ্ধ এবং অসুস্থরা হাটে আসতে পারবেন না।
৪. পশুরহাটে প্রবেশের পূর্বে ও বাহির হবার সময় তরল সাবান/সাধারণ সাবান এবং পানি দিয়ে হাত ধুতে হবে।
৫. মূল্য প্রদান এবং হাটে প্রবেশ ও বের হওয়ার সময় কমপক্ষে ৩ ফুট বা দুই হাত দূরত্ব বজায় রেখে সারিবদ্ধভাবে লাইনে দাঁড়াতে হবে।
৬. হাট কমিটি, স্থানীয় প্রশাসন, সিটি কর্পোরেশন, আইন-শৃঙ্খলা রক্ষাকরী বাহিনী এবং স্বাস্থ্য বিভাগের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।

পশু কোরবানিকালীনঃ

১. পশু কোরবানির সময় প্রয়োজনের অধিক লোকজন একত্রিত হবেন না এবং কোরবানির মাংস সংগ্রহের জন্য একত্রে অধিক লোক চলাফেরা করতে পারবেনা।
২. পশুর চামড়া দ্রুত অপসারণ করতে হবে এবং কোরবানির নির্দিষ্ট স্থানটি ব্লিচিং পাউডারের দ্রবণ দিয়ে ভালোভাবে জীবাণুমুক্ত করে নিতে হবে।


 (মু: জসাম উদ্দিন খান)
 উপসচিব
 ফোন: ৯৫১৫৫৩১
 ph1@hds.gov.bd